



অর্থনৈতিক খাতে রাজনৈতিক প্রভাব থাকবে না: অর্থমন্ত্রী



অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। ছবি: সংগৃহীত

অর্থনৈতিক খাতে রাজনৈতিক প্রভাবমুক্ত পরিবেশ গড়ে তোলার কথা জানিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেছেন, দেশের অর্থনীতি, পুঁজিবাজার ও আর্থিক খাত পরিচালনায় সরকার কোনো ধরনের রাজনৈতিক হস্তক্ষেপ করবে না।

মঙ্গলবার (১২ মে) রাজধানীর একটি হোটেলে বাংলাদেশ স্টার্ট-আপ ইনভেস্টমেন্ট কোম্পানির উদ্বোধন ও নতুন ফান্ড ঘোষণার অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

অর্থমন্ত্রী জানান, বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরিতে সরকার ধারাবাহিকভাবে কাজ করছে। পুঁজিবাজার ও আর্থিক খাতকে আরও কার্যকর ও শক্তিশালী করতে নানা উদ্যোগ নেওয়া হয়েছে। একই সঙ্গে বিদেশি বিনিয়োগকারীদের মধ্যেও বাংলাদেশের বাজার নিয়ে আগ্রহ বাড়ছে বলে উল্লেখ করেন তিনি।

তিনি আরও বলেন, অর্থনৈতিক খাতকে দক্ষতা ও পেশাদারিত্বের ভিত্তিতে পরিচালনা করা হবে। এজন্য রাজনৈতিক প্রভাব থেকে এসব খাতকে দূরে রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

অনুষ্ঠানে দেশের ৩৯টি বাণিজ্যিক ব্যাংকের অংশগ্রহণে গড়ে ওঠা প্রথম প্রাতিষ্ঠানিক ভেঞ্চার ক্যাপিটাল প্র্যাটফর্মের প্রথম ফান্ড উদ্বোধন করা হয়। প্রায় ৪২৫ কোটি টাকার মূলধন নিয়ে যাত্রা শুরু করা এই ফান্ড মূলত সিড, লেট-সিড ও সিরিজ-এ পর্যায়ের স্টার্টআপে বিনিয়োগ করবে।